

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন  
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪৫/২০১৬

তারিখঃ ০৩/০৮/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

**VGM (Verified Gross Mass) এর বিষয়ে**  
**জরুরি দৃষ্টি আকর্ষণ**

যে কোন পণ্য রপ্তানিতে বাধ্যতামূলক ভাবে Verified Gross Mass (VGM) গ্রহণ সংক্রান্ত ডিজি শিপিং কর্তৃক জারিকৃত আদেশের প্রেক্ষিতে সনদ প্রদানের জন্য প্রতি কন্টেইনার ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা চার্জ নির্ধারণ করে বিকড়া কর্তৃক প্রচার পত্র জারী করা হয়। VGM চার্জ যুক্তিসংগত নয় মর্মে রপ্তানিকারকগণ আপত্তি জানালে যথাযথ হারে চার্জ নির্ধারণের জন্য গত ২৩/০৭/২০১৬ইং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে চবক ট্রেনিং ইন্সটিটিউটে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় VGM এর যথাযথ হার নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয় এবং ১ (এক) মাসের মধ্যে সুপারিশ প্রদানের পরামর্শ দেয়া হয়। আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রাইভেট আইসিডি সমূহ VGM সনদ প্রদান অব্যাহত রাখবে এবং পরবর্তীতে ধার্যকৃত হারে রপ্তানিকারকগণ বকেয়া চার্জ সমূহ পরিশোধ করবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক